

148202 - নামাযের ইকামত ও নামাযে প্রবেশের মাঝখানে দোয়া করা

প্রশ্ন

আমি খেয়াল করেছি যে, কিছু মুসল্লি মুয়াজ্জিন ইকামত শেষ করার পর তাকবীরে তাহরীমার আগে দুই হাত তুলে দোয়া করে। এটি কি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে উদ্ধৃত হয়েছে?

প্রিয় উত্তর

“এর কোন ভিত্তি নেই। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে এমন কিছু উদ্ধৃত হয়নি যে, তিনি নামাযের ইকামত ও নামাযে প্রবেশের মাঝখানে দোয়া করতেন। এবং এমন কিছুও উদ্ধৃত হয়নি যে, তিনি এ সময় দুই হাত তুলতেন। বরঞ্চ এমন কিছু করা অনুচিত। যেহেতু এটি সুন্নাহর পরিপন্থী।”[সমাপ্ত]

মাননীয় শাইখ আব্দুল আযিয বিন বায (রহঃ)

ফাতাওয়া নুরুন্ন আলাদ দারব (২/১০৫৮)